

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



PRESS RELEASE

U.S. ASSISTANT SECRETARY BOUCHER AND AMBASSADOR DAILEY MEET WITH FOREIGN SECRETARY TOUHID

DHAKA, MAY 8 -- Assistant Secretary of State for South and Central Asian Affairs Richard Boucher and U.S. State Department Coordinator for Counterterrorism Dell L. Dailey joined Ambassador James F. Moriarty to meet with Foreign Secretary Mr. Touhid Hossain today. They discussed bilateral issues during their meeting, including the United States' focus on Democracy, Development and Denial of space to terrorists. Assistant Secretary Boucher reiterated U.S. support for the Caretaker Government's commitment to the roadmap and to hold free, fair and fully participatory elections by the end of this year. Assistant Secretary Boucher also briefed the Foreign Secretary about U.S. food and development assistance. The Coordinator for Counterterrorism discussed counterterrorism and how the U.S. and Bangladesh can expand our cooperation.

=====

যুক্তরাষ্ট্রের সহকারী পররাষ্ট্র সচিব বাউচার ও সন্ত্রাসবাদ মোকাবেলা বিষয়ক সমন্বয়ক ডেইলির পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেনের সঙ্গে সাক্ষাৎ

ঢাকা, ৮ই মে -- যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্র সচিব রিচার্ড এ. বাউচার, পররাষ্ট্র দফতরের সন্ত্রাসবাদ মোকাবেলা বিষয়ক সমন্বয়ক রাষ্ট্রদূত ডেল এল. ডেইলি এবং বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়ানি আজ বাংলাদেশের পররাষ্ট্র সচিব তৌহিদ হোসেনের সঙ্গে সাক্ষাৎ করেন। বৈঠকে তারা দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন, যার মধ্যে ছিল গণতন্ত্র, উন্নয়ন ও সন্ত্রাসবাদ প্রত্য্যখানের বিষয় -- যার প্রতি যুক্তরাষ্ট্রের বিশেষ দৃষ্টি রয়েছে। সহকারী পররাষ্ট্র সচিব রিচার্ড বাউচার নির্বাচনী রোডম্যাপের প্রতি তত্ত্বাবধায়ক সরকারের অঙ্গীকারের ওপর যুক্তরাষ্ট্র সরকারের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন। এ বছরের শেষ নাগাদ একটি অবাধ, সুষ্ঠু এবং পূর্ণ অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানে তত্ত্বাবধায়ক সরকারের অঙ্গীকারের প্রতি তিনি সমর্থন ব্যক্ত করেন। রিচার্ড বাউচার যুক্তরাষ্ট্রের খাদ্য ও উন্নয়ন সহায়তা বিষয়েও বাংলাদেশের পররাষ্ট্র সচিবকে অবহিত করেন। সন্ত্রাসবাদ মোকাবেলা বিষয়ক সমন্বয়ক ডেল ডেইলি সন্ত্রাসবাদ মোকাবেলায় যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধির উপায় নিয়ে আলোচনা করেন।